WEB SMS grameenphone
Send SMS from any computer

প্রথম আলো অনলাইন সংস্করণ

মূল পাতা | যোগাযোগ | লগ-ইন করুন | নিবন্ধিত হোন

ঢাকা, রোববার, ২০ এপ্রিল ২০০৮, ৭ বৈশাখ ১৪১৫, ১৩ রবিউস সানি ১৪২৯
বর্ষ ১০, সংখ্যা ১৬৩, আপডেট : বাংলাদেশ রাত ২টা ১৫ মিনিট

এ সংখ্যায় থাকছে
- প্রথম পাতা
- শেষ পাতা
- সম্পাদকীয়/উপসম্পাদকীয়
- খোলা কলম
- সারা দেশ
- বিশাল বাংলা
- সারা বিশ্ব
- খেলাধুলা
- বিনোদন
- পড়াশোনা
- কম্পিউটার প্রতিদিন
- চিঠিপত্র
- অর্থ ও বাণিজ্য

ফিচার পাতা
- ঢাকায় থাকি
- স্টেডিয়াম

## মূল পাতা

সংবাদ শিরোনাম | আগের সংবাদ | পরের সংবাদ

# মাদক ও ছিনতাই এখনো সব এলাকার প্রধান সমস্যা

## উন্মুক্ত দিবসে পুলিশ অধ্যাদেশ নিয়ে আলোচনা

নিজস্ব প্রতিবেদক

রাজধানীর অনেক এলাকায় এখনো মাদক আর ছিনতাই প্রধান সমস্যা। এর পাশাপাশি যানজট, মেয়েদের উত্ত্যক্ত করা ও টেলিফোনে চাঁদার জন্য হুমকির ঘটনাও কম নয়। রাজধানীর চারটি থানায় পুলিশের উন্মুক্ত দিবসের (ওপেন হাউস ডে) আলোচনায় স্থানীয় বাসিন্দারা পুলিশ কর্মকর্তাদের কাছে এসব অভিযোগের কথা তুলে ধরেন।

উন্মুক্ত দিবসের আলোচনায় গুলশান থানায় পুলিশ অধ্যাদেশ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বক্তারা বলেন, পুলিশের ওপর খবরদারি করার ক্ষমতা হারানোর ভয়ে অধ্যাদেশটি আইনে পরিণত করতে বিলম্ব করা হচ্ছে।

গুলশান থানা: গুলশান থানায় উন্মুক্ত দিবসের আলোচনায় উপস্থিত ছিলেন পুলিশের দুই সাবেক মহাপরিদর্শক (আইজি) এএসএম শাহজাহান ও আশরাফুল হুদা। এ ছাড়া গুলশান অঞ্চলের উপকমিশনার মীর রেজাউল আলম, রেডিও টুডের ব্যবস্থাপনা পরিচালক রফিকুল হক, সহকারী পুলিশ কমিশনার মেহেদী হাসানসহ গুলশান, বনানী, বারিধারা ও নিকেতন সোসাইটির প্রতিনিধি, বিভিন্ন সামাজিক সংগঠন ও মার্কেট কমিটির প্রতিনিধি এবং কয়েকজন ওয়ার্ড কমিশনার বক্তব্য দেন।

পুলিশ সংস্কার প্রকল্পের পরামর্শক সাবেক মহাপরিদর্শক এএসএম শাহজাহান বলেন, প্রস্তাবিত অধ্যাদেশে পুলিশের জবাবদিহিতা আরও বেশি নিশ্চিত করা হয়েছে। তিনি বলেন, তদন্ত যারা করবে, তাদের দলীয় কর্তৃপক্ষের অধীনে রেখে বিচার বিভাগ স্বাধীন করা হলেও তার সুফল মানুষ পাবে না। ন্যায়বিচারের জন্য নিরপেক্ষ তদন্ত সবচেয়ে বড় ব্যাপার। বর্তমান পুলিশি ব্যবস্থার কথা উল্লেখ করে তিনি বলেন, মামলা দায়ের করার পর আসামি কে হবে, তা ঠিক করত দলীয় ক্যাডাররা। তারা কথায় কথায় ভারপ্রাপ্ত কর্মকর্তাদের বদলির ভয় দেখাত। প্রস্তাবিত অধ্যাদেশ বাস্তবায়িত হলে এ ব্যবস্থা আর থাকবে না।

পুলিশের সাবেক মহাপরিদর্শক আশরাফুল হুদা বলেন, প্রস্তাবিত পুলিশ অধ্যাদেশ নিয়ে বিলম্ব হচ্ছে। পুলিশের ওপর খবরদারি ধরে রাখার জন্য যারা মরিয়া, তারাই এ নিয়ে বিলম্ব করাচ্ছে। তিনি বলেন, পুলিশ সংস্কার অধ্যাদেশ

- বিজ্ঞান প্রজন্ম
- আইন অধিকার
- আলোকিত দক্ষিণ
- আলোকিত উত্তর
- আলোকিত চট্টগ্রাম

আরো যা আছে
সকল ফিচার পাতা
পুরনো সংখ্যা
আমাদের কথা
বাংলা না এলে



এ পর্যন্ত পড়েছেন
১৯৫৪৪৬
জন পাঠক

SYDNEY PHONE CARD.com.au


যেভাবে তৈরি করা হয়েছে, তাতে বর্তমান সরকার এটা না করলে আর কোনো দিনও হবে না।

আলোচনায় মিজানুর রহমান নামের এক ব্যক্তি বলেন, ক্ষমতা মানুষকে দুর্নীতিগ্রস্ত করে তোলে। অধিক ক্ষমতা অধিক দুর্নীতিগ্রস্ত করে। স্থানীয় ওয়ার্ড কমিশনার আবদুল আলীম নকী বলেন, পুলিশের সংস্কারের কোনো বিকল্প নেই। আবুল কাশেম বলেন, গুলশান থানায় একটি নতুন ভবন তৈরি খুব জরুরি।

শাহবাগ থানা: শাহবাগ থানার পুলিশ আয়োজিত উন্মুক্ত দিবসের আলোচনায় প্রধান অতিথি ছিলেন ঢাকা মহানগর পুলিশের রমনা অঞ্চলের অতিরিক্ত উপকমিশনার মাহবুবুর রহমান। উপস্থিত ছিলেন ওই অঞ্চলের সহকারী কমিশনার হামিদা পারভিন, সহকারী কমিশনার (টহল) জাফরউল্লাহ ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শহীদুল ইসলাম।

আলোচনায় অংশ নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য আ ফ ম ইউসুফ হায়দার বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় চারটি স্কুলে প্রতিদিন সকালে মায়েরা তাঁদের সন্তানদের নিয়ে আসেন। তাঁরা প্রায়ই ছিনতাইকারীদের কবলে পড়েন। তিনি ওই এলাকায় পুলিশি টহল বাড়ানোর দাবি জানান।

সেগুনবাগিচা উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক এ কে আলী ইমাম বলেন, ওই এলাকার শিক্ষার্থীরা ফুটওভার ব্রিজগুলো ব্যবহার করতে পারছে না। কারণ ফুটওভার ব্রিজগুলো কিছু বখাটে যুবকের দখলে চলে গেছে। অতিরিক্ত পুলিশ কমিশনার মাহবুবুর রহমান বলেন, বহু টাকা খরচ করে ফুটওভার ব্রিজ নির্মাণ করা হলেও মানুষ তা ব্যবহার করতে চায় না।

কোতোয়ালি থানা: তাঁতীবাজার বণিক সমিতির সাধারণ সম্পাদক পবিত্রচন্দ্র ঘোষ বলেন, লক্ষ্মীবাজারের ভিক্টোরিয়া পার্কের চারপাশে অসংখ্য বাস থাকায় তীব্র যানজটের সৃষ্টি হয়। বাংলাদেশ কেমিস্ট অ্যান্ড ড্রাগিস্ট সমিতির নেতা মোহাম্মদ সোলায়মান বলেন, সন্ধ্যায় ও ভোরবেলা আরমানিটোলা এবং বাবুঘাট এলাকায় সন্ত্রাসীদের উৎপাত বেড়ে গেছে।

সুরিটোলা এলাকার এস এম নাজিম উদ্দিন বলেন, গুলিস্তান গোলাপশাহ মাজারের কাছে সংঘবদ্ধ একটি চক্র লোকজনের মূল্যবান মালামাল ছিনতাই করছে।

লালবাগ অঞ্চলের উপকমিশনার খন্দকার মহিদ উদ্দিন বলেন, এলাকার যানজট নিরসনকল্পে তিনি ট্রাফিক বিভাগের ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করবেন।

মিরপুর থানা: মিরপুর অঞ্চলের পুলিশের উপকমিশনার (ডিসি) মো. আনোয়ার হোসেনের সভাপতিত্বে আলোচনায় আরও উপস্থিত ছিলেন মিরপুর অঞ্চলের অতিরিক্ত উপকমিশনার (এডিসি) নিজামুল হক মোল্লা, সহকারী কমিশনার মো. এমদাদুল হক, সহকারী কমিশনার (টহল) মো. লিয়াকত আলী, মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মহিউদ্দিন মাহমুদ।

মিরপুর মাজার রোড প্রথম কলোনির বায়তুল আমান হাউজিং অপরাধ প্রতিরোধ কমিটির আহ্বায়ক মাহবুবউল্লাহ বলেন, মসজিদের পাশে কবরস্থানে রাত ১০টার পর মাদকের আসর বসে। মিরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরি ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক ওসমান গনি মামুন বলেন, স্থানীয় ওয়ার্ড কমিশনারের উদ্যোগে মাসব্যাপী মেলা হচ্ছে ইনস্টিটিউটের পাশের একটি বিদ্যালয়ের মাঠে। এতে ইনস্টিটিউটের শিক্ষার পরিবেশ নষ্ট হচ্ছে। মণিপুর স্কুল ব্যবস্থাপনা কমিটির সদস্য এম এ হামিদ বলেন, রাজনৈতিক দলের নেতা পরিচয়ে টেলিফোনে চাঁদার জন্য তাঁর এক আত্মীয়কে হুমকি দেওয়া হচ্ছে। গাবতলী গবাদিপশুর হাটের পরিচালক সাইদুল ইবনে হাসিব সোহেল বলেন, কল্যাণপুর ফুটওভার ব্রিজ পর্যন্ত সড়কে ৮ নম্বর গাড়ির কর্মীরা গরু ছিনতাই করছে। এখানে গরু ডাকাতির কথাও

তিনি উল্লেখ করেন।
মিরপুর অঞ্চলে পুলিশের উপকমিশনার মো. আনোয়ার হোসেন বলেন, ছিনতাই প্রতিরোধে মিরপুর বাঙলা কলেজের সামনে তল্লাশি চৌকিতে পুলিশ দু-তিন দিনের মধ্যে কাজ শুরু করবে।

+ সংবাদ শিরোনাম | প্রিন্ট করুন | ? বাংলা না এলে

Home | About Us | Feedback | Contact

Best viewed at 1024 x 768 pixels and IE 5.5 & 6

**Editor : Matiur Rahman, Published by : Mahfuz Anam, 52 Motijheel C/A , Dhaka-1000.**
News, Editorial and Commercial Office: CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215.
Phone: (PABX) 8802-8110081, 8802-8115307-10, Fax: 8802-9130496, E-mail : info@prothom-alo.com

Copyright 2005, All rights reserved by **Prothom-Alo.com**
**Privacy Policy | Terms & Conditions**